

১) 'শীতকাল' সম্বন্ধে দশটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

অনুচ্ছেদটি লেখার জন্য নীচে কতকগুলি সংকেত দেওয়া হল।

সংকেত :

- সূচনা
- সাধারণ বর্ণনা
- উপকারিতা
- অপকারিতা
- মন্তব্য



নমুনা অনুচ্ছেদ

পৌষ ও মাঘ এই দুই মাস শীতকাল। এই সময় দিন ছোটো ও রাত বড়ো হয়, উত্তর দিক থেকে কনকনে ঠাণ্ডা বাতাস বইতে থাকে, আকাশ থাকে পরিষ্কার, রোদের তাপ থাকে স্নিগ্ধ, গাছের পাতা সব ঝরে যায়, ভোরবেলা ঘাসের আগায় শিশির বিন্দু ঝলমল করে, সকালে কুয়াশাচ্ছন্ন থাকে। শীতকালে পাকা ধানে সারা মাঠ ভরে থাকে। চাষিরা সোনার ফসল ঘরে তোলার কাজে ব্যস্ত থাকে। এই সময় নানারকম শাকসব্জি জন্মায়, যেমন - পালং, মুলো, ফুলকপি, বাঁধাকপি, টমেটো, সিম, মটরশুঁটি, নতুন আলু, বিট, গাজর ইত্যাদি। শীতকালে গাঁদা, চন্দ্রমল্লিকা, ডালিয়া, জিনিয়া ও অন্যান্য নানান ধরনের মরশুমি ফুলে বাগান ভরে যায়। কুল, কমলালেবু, আপেল ইত্যাদি ফল এই সময় পাওয়া যায় আর পাওয়া যায় খেজুরের রস, খেজুর গুড় ও খেজুরের পাটালি। খ্রীষ্টানদের প্রধান উৎসব বড়দিন এই সময় পালন করা হয় তাছাড়া সরস্বতী পূজা, পৌষ পার্বণ, নেতাজির জন্মদিন, প্রজাতন্ত্র দিবস প্রভৃতি উৎসবও মহা ধুমধাম করে পালন করা হয়। প্রচণ্ড শীতে দীন দরিদ্রদের গরম কাপড়ের অভাব হয় বলে অনেক লোকে মারা যায়, শুকনো ঠাণ্ডা বাতাসে ঠোঁট ফাটে ও গা হাত পা খসখসে হয়, ফেটে যায়, সর্দিকাশি ও জ্বর হয় ঘরে ঘরে। শীতকালে মানুষের পরিশ্রম এবং হজম করার ক্ষমতা বাড়ে। ভ্রমণ এবং বনভোজনের উপযুক্ত সময় হল শীতকাল।